যমুনা বাঁধপাড়া বস্তিঃ

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ০৬ টি ০৪ টি টিউবওয়েল স্থাপন/নির্মাণ | ২,৯২,৫৪১.৬৮ |
| ২ | ৬০ মিটার ফুটপাত নির্মান ও প্লাস্টার করণ। | ১২,৫৪,১৩১.৪৯ |
| ৩ | ০৪ টি সোলার লাইট স্থাপন। | ৩,৭৭,৯২৭.৪৬ |
| | | ১৯,২৪,৬০০.৬৩ |

তাজুর মোড় বস্তিঃ

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ০৭ টি টি টিউবওয়েল স্থাপন/নির্মাণ | ৩,৪১,২৯৮.৬১ |
| ২ | ২২০ মিটার ড্রেন নির্মাণ | ৬,০৫,৫৩৭.৭৩ |
| ৩ | ০৪ টি সোলার লাইট স্থাপন। | ৩,৭৭,৯২৭.১৬ |
| | | ১৩,২৪,৭৬৩.৫ |

বিশ্বাসপাড়া রেল কলোনী বস্তিঃ

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ০৬ টি টি টিউবওয়েল স্থাপন/নির্মাণ | ২,৯২,৫৪১.৫০ |
| ২ | ১৬৩ মিটার ফুটপাত নির্মান। | ৭,৪৭,৭৫৪.৫৯ |
| ৩ | ০৮ টি সোলার লাইট স্থাপন। | ৭,৫৫,৮৫৪.৩২ |
| | | ১৭,৯৬,১৫০.৪১ |

চিনিকল হরিজন কলোনী বস্তিঃ

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ০৫ টি টি টিউবওয়েল স্থাপন/নির্মাণ | ২,৪৩,৭৮৪.৫৮ |
| ২ | ১৮মিটার ফুটপাত নির্মান ও প্লাস্টার করণ। | ২,৯৩,২০২.২৫ |
| ৩ | ০৬ টি সোলার লাইট স্থাপন। | ৫,৬৬,৮৯০.৭৪ |
| | | ১১,০৩,৮৭৭.৫৭ |

বঙ্গবন্ধুপাড়া বস্তি

| ক্রঃনং | কাজের তালিকা | ব্যয়ের বিবরনী |
|---|---|---|
| ১ | ০৪ টি টি টিউবওয়েল স্থাপন/নির্মাণ | ১,৯৫,০২৭.৬৬ |
| ২ | পূর্বের কিস্তিতে নির্মিত ফুটপাত এর গাইড ওয়াল প্লাস্টার করণ | ৮৬,৬৬২.১৪ |
| ৩ | ০৫ টি সোলার লাইট স্থাপন। | ৪,৭২,৪০৮.৯৫ |
| | | ৭,৫৪,০৯৮.৭৫ |

উপস্থিত কমিটির সদস্যরা উপরোক্ত কাজের তালিকা ও ব্যয়ের বিবরনী পর্যালোচনা করে বিস্তারিত আলোচনা কালে কমিটির সদস্য জান্নাতুল ফেরদৌস ঝর্না বলেন, আমার আওতাধীন ওয়ার্ড সমূহের মধ্যে অনুমোদিত ০৭ (সাত) টি বস্তির মধ্যে ০৪ (চার) টি বস্তি আছে, সে বস্তি সমূহে মাঝে মাঝে আমি পরিদর্শন করি, তাতে দেখা যায় কাজের গুনগুতমান ভাল এবং অত্র বস্তি সমূহের সদস্যদের মধ্যে কাজের মান নিয়ে সন্তুষ্টি আছে। তারপরও আমি এ কমিটির সদস্য হিসেবে অন্যান্য বস্তি পরিদর্শন করে দেখেছি যা উপরোক্ত তালিকার সাথে মিল রয়েছে এবং কাজের গুনগতমান যথেষ্ট ভাল। সভাপতি সহ অন্যান্য সদস্য একমত পোষন করেন নিম্নোক্ত সিদ্ধান্তে উপনীত হন।

**সিদ্ধান্ত ঃ-** UGIIP-III প্রকল্পের আওতায় চলমান ০৭(সাত) টি বস্তির ভৌত কাজের জন্য মোট=৯৫,২৭,৪৮৩.৬৬/- টাকা খরচ হয়েছে যা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং যেহেতু ৪র্থ কিস্তির কাজ বাঁকীতে করতে হয়েছে, তাই দ্রুত বিল ভাউচার সহ যাবতীয় কাজ সম্পন্ন করে প্রকল্প অফিসে প্রেরণের জন্য বস্তি উন্নয়ন কর্মকর্তা কে দায়িত্ব প্রদান করা হলো।

<u>আলোচ্য সূচী-৩। পৌরসভার বিভিন্ন কর্মকান্ডে দরিদ্র জনগনকে সম্পৃক্ত করা প্রসঙ্গে আলোচনা।</u>

<u>আলোচনাঃ</u>- সভাপতি মহোদয় এ বিষয়ে আলোচনার সূত্রপাত করলে কমিটির সদস্য ও প্রতিনিধিগণ নিম্নোক্ত ভাবে তাদের মতামত তুলে ধরেন। আলোচনা কালে জনাব মোছাঃ শাহানাজ বেগম, দরিদ্র শ্রেণীর প্রতিনিধি, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক কমিটি (অতিরিক্ত স্থায়ী কমিটি) সভায় জানান যে, দারিদ্র জনগোষ্ঠী কম বেশী পৌরসভায় সব এলাকায় বসবাস করে। প্রত্যেক এলাকার উন্নয়ন কর্মকান্ডে দরিদ্রশ্রেণীর প্রতিনিধিদের সম্পৃক্ত করা উচিত। তাহলে তারা তাদের প্রয়োজনীয়তা সঠিক ভাবে উপস্থাপন করতে পারবে এবং সে অনুযায়ী কর্মকান্ড পরিচালিত হলে দারিদ্রতা অনেকাংশে লাঘোব করা সম্ভব হবে।

